

১৩৪

আজকের কাগজ

সংখ্যা ২৪ JAN 1996 ...

পৃষ্ঠা ১ কলাম ২

নোয়াখালীর ৬শ' গ্রামে প্রাথমিক বিদ্যালয় নেই

নোয়াখালী জেলার ৬শ' ৮টি গ্রামে কোনো সরকারি প্রাথমিক বিদ্যালয় নেই। ফলে জেলার ৬টি থানায় প্রায় ১ লাখ ৫ হাজার শিশু বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। পরিসংখ্যান অনুসারে দেখা গেছে, নোয়াখালী জেলার ৬টি থানার আওতাধীন গ্রামের সংখ্যা হচ্ছে, ১ হাজার ৩শ' ১১টি। এর মধ্যে ৭শ' ২টি গ্রামে একটি সরকারি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। বাকি গ্রামগুলোতে কোনো সরকারি প্রাথমিক বিদ্যালয় নেই। বেসরকারি অনেক বিদ্যালয় ভবন নির্মিত হলেও চেয়ার টেবিলসহ শত সমস্যা জর্জরিত। কোনো কোনো বিদ্যালয়ে প্রয়োজনীয় সংখ্যক শ্রেণী কক্ষ না থাকায় ছাত্র-ছাত্রীরা ক্লাস করছে খোলা আকাশের নিচে। থানা পরিসংখ্যান অনুযায়ী সুধারামে ২শ' ৩২টি গ্রামের মধ্যে সরকারি প্রাথমিক বিদ্যালয় রয়েছে মাত্র ১শ' ৪০টি গ্রামে। ঐতিহ্যবাহী বেগমগঞ্জ থানায় রয়েছে ১শ' ৫৬টি গ্রাম। যার মধ্যে

সরকারি প্রাথমিক বিদ্যালয় রয়েছে ৬৩টি গ্রামে। সেনবাগ থানায় গ্রামের সংখ্যা ১শ' ৪১টি অথচ এখানে ৭২টি গ্রামে কোনো প্রাথমিক বিদ্যালয় নেই। চাটখিল থানার ৮৯টি গ্রামের মধ্যে ৬৩টি গ্রামে বিদ্যালয় নেই। কোম্পানীগঞ্জ থানায় ১শ' ৩৫টি গ্রামের মধ্যে প্রাথমিক বিদ্যালয় রয়েছে ৭৪টিতে। হাতিয়া থানায় ১শ' ৪৮টি গ্রামের মধ্যে ৮৬টি গ্রামে কোনো সরকারি প্রাথমিক বিদ্যালয় নেই। এখানে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা মাত্র ৫৩টি। প্রয়োজনীয় প্রাথমিক বিদ্যালয় না থাকার ফলে গড়ে প্রতিটি থানায় প্রায় ১৩ হাজার বালক-বালিকা লেখা পড়ার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। এতে করে সরকার খাদ্যের বিনিময়ে শিক্ষার যে কর্মসূচি গ্রহণ করেছে সরকারি প্রাথমিক বিদ্যালয় সংকটের ফলে তা ভেঙে যেতে বসেছে। বেগমগঞ্জ থেকে তরিকউল্লাহ।